প্রথম আলো

তারিখ 08 DEC 2017
পৃষ্ঠা ...৬... কলাম ...৭...

# পরীক্ষা কার্যক্রমে ১০ বছর নিষিদ্ধ দুই শিক্ষক

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ে 'উসকানিমূলক' প্রশ্ন

রাজশাহী প্রতিনিধি ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষায় 'সাম্প্রদায়িক উসকানিমূলক' দুটি প্রশ্ন রাখার অভিযোগে অনুষদের ডিন ও প্রশ্ন প্রণয়নকারী এক শিক্ষককে আগামী ১০ বছরের জন্য সব ধরনের পরীক্ষা কার্যক্রমে নিষিদ্ধ করা হয়েছে। একই সঙ্গে আইনগত কোনো বাধা না থাকলে ডিনকে তাঁর দায়িত্ব থেকেও অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আব্দুস সোবহানের সভাপতিত্বে গত বুধবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ৪৭৪তম সভায় এসব সিদ্ধান্ত হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের এক অধ্যাপককে লাঞ্ছিত করার ঘটনায় অভিযুক্ত এক শিক্ষার্থীকে স্থায়ীভাবে বহিষ্কার করারও সিদ্ধান্ত হয় ওই সভায়।

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য মো. মামুন আ. কাইউম বলেন, সিন্ডিকেট সভায় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক মোস্তাফিজুর রহমান এবং চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগের সহকারী অধ্যাপক জিল্লুর রহমানকে আগামী ১০ বছরের জন্য বিশ্ববিদ্যালয়ের যেকোনো পরীক্ষা কার্যক্রমে নিষিদ্ধ করা হয়। জিল্লুর রহমানের 'সহযোগী অধ্যাপক' পদে পদোন্নতির ক্ষেত্রে নির্ধারিত সময়ের পাঁচ বছর পর তিনি পদোন্নতি পাবেন।

গত ২৫ অক্টোবর অনুষ্ঠিত চারুকলা অনুষদের আই ইউনিটের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রশ্নপত্রে 'সাম্প্রদায়িক উসকানিমূলক' দুটি প্রশ্ন নিয়ে সমালোচনা সৃষ্টি হয়। পরে বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য আনন্দ কুমার সাহাকে আহ্বায়ক করে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। প্রায় দেড় মাস পর বুধবার ওই কমিটি সিন্ডিকেটে তদন্ত প্রতিবেদন দেয়। এর ভিত্তিতে সিন্ডিকেট ওই দুই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়।

এদিকে ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের (আইবিএ) অধ্যাপক হাছানাত আলীকে লাঞ্ছিত করার অভিযোগে স্থায়ীভাবে বহিষ্কৃত শিক্ষার্থীর নাম আবু নাহিদ হায়দার। তিনি ইনস্টিটিউটের নবম ব্যাচের শিক্ষার্থী। গত ২৫ সেপ্টেম্বর ইন্টার্নশিপ পেপারে স্বাক্ষর দেওয়াকে কেন্দ্র করে শিক্ষক হাছানাত আলীকে মারধর করেন ওই শিক্ষার্থী।